গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
শাখা-০২
এফ-৪/বি, আগারগাঁও, ঢাকা-১২০৭
www.techedu.gov.bd

স্মার্ট শিক্ষা স্মার্ট দেশ শেখ হাসিনার বাংলাদেশ

স্মারক নম্বর: ৫৭.০৩.০০০০.০১১.৯৯.০০২.২৩.১৯

তারিখ: ২২ অগ্রহায়ণ ১৪৩০ বঙ্গাব্দ
০৭ ডিসেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ

মহান বিজয় দিবস ২০২৩ উদযাপন উপলক্ষে স্টিয়ারিং কমিটির সভার সিদ্ধান্তের আলোকে যথাযথ ব্যবস্থা গ্রহণ ও বাস্তবায়নের লক্ষ্যে কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় হতে ০৭ ডিসেম্বর ২০২৩ তারিখের ৫৭.০০.০০০০.০৪৩.২৩.০০৩.১৭.১৮৬ সংখ্যক পত্রটির ছায়ালিপি সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় কার্যার্থে নির্দেশক্রমে প্রেরণ করা হলো।

০৭-১২-২০২৩
নিজাম উদ্দিন আহমেদ
সহকারী পরিচালক

স্মারক নম্বর: ৫৭.০৩.০০০০.০১১.৯৯.০০২.২৩.১৯/১ (১১)

তারিখ: ২২ অগ্রহায়ণ ১৪৩০ বঙ্গাব্দ
০৭ ডিসেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ

**সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। পরিচালক (সকল), কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা;
২। পরিচালক (সকল), আঞ্চলিক পরিচালকের কার্যালয়, কারিগরি শিক্ষা অধিদপ্তর;
৩। অধ্যক্ষ (সকল), ইঞ্জিনিয়ারিং কলেজ, রাজশাহী ইঞ্জিনিয়ারিং অ্যান্ড সার্ভে ইনস্টিটিউট, টেকনিক্যাল টিচার্স ট্রেনিং কলেজ, পলিটেকনিক ইনস্টিটিউট, বাংলাদেশ সার্ভে ইনস্টিটিউট, গ্রাফিক আর্টস ইনস্টিটিউট, বাংলাদেশ ইনস্টিটিউট অব গ্লাস অ্যান্ড সিরামিকস------------------;
৪। উপপরিচালক (এমপিও), কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা;
৫। অধ্যক্ষ (সকল), টেকনিক্যাল স্কুল অ্যান্ড কলেজ---------------------;
৬। সিনিয়র সচিবের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য);
৭। সিনিয়র সহকারী সচিব, সমন্বয় শাখা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৮। সহকারী পরিচালক (সকল), কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা;
৯। ভারপ্রাপ্ত কর্মকর্তা (আইসিটি সেল), কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা (পত্রটি ওয়েবসাইটে প্রকাশ ও সংশ্লিষ্টদের ই-মেইলে প্রেরণের অনুরোধসহ);
১০। মহাপরিচালকের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য) এবং
১১। সংরক্ষণ নথি।

(১) ৫৭.০০.০০০০.০৪৩.২৩.০০৩.১৭.১৮৬ - মহান বিজয় দিবস ২০২৩ উদযাপন উপলক্ষে স্টিয়ারিং কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন সংক্রান্ত।

(২) ষ্টিয়ারিং কমিটির কার্যবিবরণী

(৩) স্টিয়ারিং কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রায়ণপত্র

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
সমন্বয় শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.tmed.gov.bd

স্মারক নম্বর: ৫৭.০০.০০০০..০৪৩.২৩.০০৩.১৭.১৮৬

তারিখ: ২২ অগ্রহায়ণ ১৪৩০
০৭ ডিসেম্বর ২০২৩

বিষয়: **মহান বিজয় দিবস ২০২৩ উদ্‌যাপন উপলক্ষ্যে স্টিয়ারিং কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন সংক্রান্ত।**

সূত্র: মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের স্মারক নং-৪৮.০০.০০০০.০০১.৪২.০০১.২৩.৫৭, তারিখ: ২৮ নভেম্বর ২০২৩ খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গত ২০ নভেম্বর ২০২৩ তারিখে সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের সভাপত্বে ষ্টিয়ারিং কমিটির সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় বিস্তারিত আলোচনান্তে এ বিভাগ সংশ্লিষ্টি নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:

১২.১ জেলা ও উপজেলা সদরে স্কুল-কলেজ ও মাদ্রাসার ছাত্র-ছাত্রীদের জাতীয় কর্মসূচিতে অংশগ্রহণ, সমাবেশ, ক্রীড়া অনুষ্ঠানের আয়োজন করতে হবে। এছাড়াও অপরাহ্নে মহিলাদের ক্রীড়া অনুষ্ঠানের ব্যবস্থা করতে হবে।

১৪.২ 'জাতীয় পর্যায়ে রচনা ও আবৃত্তি প্রতিযোগিতার আয়োজনসহ সকল শিক্ষা প্রতিষ্ঠানে বীর মুক্তিযোদ্ধাদের উপস্থিতিতে তাঁদের বীরত্বগাথা মুক্তিযুদ্ধের গুরুত্বপূর্ণ ঘটনার স্মৃতিচারণ শিক্ষার্থীদের সামনে উপস্থাপনের ব্যবস্থা গ্রহণ।

মহান বিজয় দিবস ২০২৩ উদ্‌যাপন উপলক্ষ্যে স্টিয়ারিং কমিটির সভায় গৃহীত উক্ত সিদ্ধান্তসমূহের আলোকে পরবর্তী প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: ষ্টিয়ারিং কমিটির সভার কার্যবিবরণী।

৭-১২-২০২৩

মীর মোশারেফ হোসেন
সিনিয়র সহকারী সচিব
ফোন: ০২-৫৫১০১০৭৪
ইমেইল: cordtmed@gmail.com

বিতরণ :
১) মহাপরিচালক (অতিরিক্ত সচিব) , মাদরাসা শিক্ষা অধিদপ্তর
২) মহাপরিচালক (রুটিন দায়িত্ব), কারিগরি শিক্ষা

অধিদপ্তর

স্মারক নম্বর: ৫৭.০০.০০০০..০৪৩.২৩.০০৩.১৭.১৮৬/১(২)

তারিখ: ২২ অগ্রহায়ণ ১৪৩০
০৭ ডিসেম্বর ২০২৩

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) সিনিয়র সচিবের একান্ত সচিব (সিনিয়র সহকারী সচিব), সচিব-এর দপ্তর, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ

২) ব্যক্তিগত কর্মকর্তা , প্রশাসন ও অর্থ অনুবিভাগ , কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ

৭-১২-২০২৩
মীর মোশারেফ হোসেন
সিনিয়র সহকারী সচিব

কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
অতিরিক্ত সচিব (প্রশাঃ ও অর্থ) এর দপ্তর
ডাইরী নং- ২৭০৯
তারিখ- 04 DEC 2023

| | |
|---|---|
| যুগ্মসচিব (প্রশাসন-১) | |
| যুগ্মসচিব (প্রশাসন-২) | |
| উপসচিব (সমন্বয়) | স্বাক্ষর |

বিশেষ বাহক মারফত

অতি জরুরি

শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
সচিব-এর দপ্তর
ডায়েরি নম্বর: ৬৯৮৬ 03 DEC 2023

| | |
|---|---|
| অতিঃ সচিব (প্রশাঃ ও অর্থ) | যুগ্মসচিব (মাদ্রাসা) |
| অতিঃ সচিব (কারিগরি) ১/২ | যুগ্মসচিব (পরি ঃ ও উন্নয়ন ১/২) |
| অতিঃ সচিব (মাদ্রাসা) ১/২ | যুগ্মসচিব (অডিট ও আইন) |
| অতিঃ সচিব (উন্নয়ন) | যুগ্মসচিব.................... |
| অতিঃ সচিব (অডিট ও আইন) | উপসচিব.................... |
| যুগ্মসচিব (প্রশাসন অধিশাখা-১/২) | |
| যুগ্মসচিব (কারিগরি-১/২) | সচিব |

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়.
সরকারি পরিবহনপুল ভবন
সচিবালয় সংযোগ সড়ক, ঢাকা
(প্রশাসন-২ শাখা)
www.molwa.gov.bd

স্মারক নং ৪৮.০০.০০০০.০০১.৪২.০০১.২৩- ৫৭

তারিখ: ১৩ অগ্রহায়ণ ১৪৩০ বঙ্গাব্দ
২৮ নভেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ

বিষয়: **মহান বিজয় দিবস ২০২৩ উদযাপন উপলক্ষে স্টিয়ারিং কমিটির সভার কার্যবিবরণী প্রেরণ।**

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, মহান বিজয় দিবস ২০২৩ উদযাপন উপলক্ষে গত ২০ নভেম্বর ২০২৩ তারিখে অনুষ্ঠিত স্টিয়ারিং কমিটির সভার কার্যবিবরণী পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদসঙ্গে প্রেরণ করা হলো।

যুগ্মসচিব (প্রশাসন-৩) এর দপ্তর
ডায়েরি নং ........ তারিখ............
উপসচিব/ সিঃসহঃসচিব (সমন্বয় ও সংসদ)
সিস্টেম এনালিস্ট/ প্রোগ্রামার (আইসিটি)
সংশ্লিষ্ট কর্মকর্তা
যুগ্মসচিব (প্রশাসন-৩) অধিশাখা

সংযুক্তিঃ ০৭(সাত) পাতা।

(আমজাদ হোসেন)
উপসচিব (প্রশাসন-২)
টেলিফোন- ৯৫৭৮৬৪৮
info.molwa@yahoo.com

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):
সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):)

১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২) সেনাবাহিনী প্রধান, সেনা সদর, ঢাকা সেনানিবাস, ঢাকা।
৩) নৌবাহিনী প্রধান, নৌ বাহিনী সদর দপ্তর, বনানী, ঢাকা।
৪) বিমান বাহিনী প্রধান, বিমান বাহিনী সদর দপ্তর, ঢাকা সেনানিবাস, ঢাকা।
৫) প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
৬) সিনিয়র সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
৭) সিনিয়র সচিব, প্রতিরক্ষা মন্ত্রণালয়, শেরেবাংলা নগর, ঢাকা।
৮) সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৯) সিনিয়র সচিব, কারিগরী ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০) সিনিয়র সচিব, জন নিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১১) সিনিয়র সচিব, বিদ্যুৎ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১২) সিনিয়র সচিব, নৌ-পরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৩) সিনিয়র সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৪) ইন্সপেক্টর জেনারেল, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা।
১৫) প্রিন্সিপাল স্টাফ অফিসার, সশস্ত্র বাহিনী বিভাগ, ঢাকা সেনানিবাস, ঢাকা।
১৬) সচিব, জন বিভাগ, রাষ্ট্রপতির কার্যালয়, ঢাকা।
১৭) সচিব, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৮) সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৯) সচিব, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ, আগারগাঁও, ঢাকা।

অ:পৃ:দ্র

২০) সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২১) সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২২) সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, আগারগাঁও, ঢাকা।
২৩) সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২৪) সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২৫) সচিব, সুরক্ষা সেবা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২৬) সচিব, গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২৭) সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২৮) সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
২৯) সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩০) সচিব, অর্থ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩১) সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩২) সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩৩) সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩৪) সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩৫) অতিরিক্ত পুলিশ মহাপরিদর্শক, স্পেশাল ব্রাঞ্চ, মালিবাগ, ঢাকা।
৩৬) মহা-পরিচালক, প্রতিরক্ষা গোয়েন্দা মহা-পরিদপ্তর, , ঢাকা সেনানিবাস, ঢাকা
৩৭) মহাপরিচালক, জাতীয় নিরাপত্তা গোয়েন্দা অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা
৩৮) মহাপরিচালক, বর্ডার গার্ড বাংলাদেশ, ঢাকা।
৩৯) মহাপরিচালক, বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, ঢাকা।
৪০) মহাপরিচালক, বাংলাদেশ কোস্ট গার্ড, ঢাকা।
৪১) বিভাগীয় কমিশনার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, ঢাকা
৪২) পুলিশ কমিশনার, ডিএমপি, ঢাকা।
৪৩) প্রধান প্রকৌশলী , গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।
৪৪) প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, ঢাকা।
৪৫) প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
৪৬) প্রধান স্থপতি, স্থাপত্য অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।
৪৭) মহাপরিচালক, জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল, স্কাউট ভবন, ঢাকা।
৪৮) ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট, মতিঝিল, ঢাকা।
৪৯) প্রশাসক, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ, কেন্দ্রীয় কমান্ড কাউন্সিল, ঢাকা।
৫০) প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন, গুলশান সেন্টার পয়েন্ট, ডিএনসিসি গুলশান-২, ঢাকা।
৫১) প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন, নগরভবন, ঢাকা।
৫২) যুগ্মসচিব (প্রশাসন), প্রশাসন উইং, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়।
৫৩) জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, ঢাকা।
৫৪) মন্ত্রীর একান্ত সচিব (উপসচিব), মাননীয় মন্ত্রীর দপ্তর, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়-মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য।
৫৫) পুলিশ সুপার, ঢাকা।
৫৬) সচিব-এর একান্ত সচিব ,মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়-সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য।
৫৭) প্রধান বৃক্ষপালনবিদ, আরবরিকালচার, সেগুনবাগিচা, ঢাকা।
৫৮) উপজেলা নির্বাহী অফিসার, সাভার, ঢাকা
৫৯) তথ্য ও জনসংযোগ কর্মকর্তা, মাননীয় মন্ত্রীর দপ্তর, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়।
৬০) সিস্টেম এনালিস্ট, আইটি সেল শাখা, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়
৬১) অতিরিক্ত সচিব (আইন/উন্নয়ন)-এর ব্যক্তিগত কর্মকর্তা, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়
সরকারি পরিবহনপুল ভবন
সচিবালয় সংযোগ সড়ক, ঢাকা
(প্রশাসন-১ শাখা)
www.molwa.gov.bd

বিষয়ঃ মহান বিজয় দিবস-২০২৩ উদযাপন উপলক্ষে গঠিত স্টিয়ারিং কমিটির সভার কার্যবিবরণী।

সভাপতি : ইসরাত চৌধুরী
সচিব
মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়
তারিখ ও সময় : ২০-১১-২০২৩, সকাল ১১-০০ টা
সভার স্থান : মন্ত্রণালয়ের সম্মেলনকক্ষ
সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দ : পরিশিষ্ট 'ক'

সভাপতি উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। বক্তব্যের শুরুতেই তিনি গভীর শ্রদ্ধার সাথে স্মরণ করেন সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে। অত:পর তিনি মহান মুক্তিযুদ্ধে শহিদদের গভীর শ্রদ্ধার সাথে স্মরণ করেন। সভাপতি জানান, মহান বিজয় দিবস ২০২৩ উদযাপন উপলক্ষে গৃহীত জাতীয় কর্মসূচি ইতোমধ্যেই মাননীয় প্রধানমন্ত্রীর সানুগ্রহ অনুমোদন লাভ করেছে। উক্ত জাতীয় কর্মসূচি যথাযথভাবে বাস্তবায়নের উপর গুরুত্বারোপ করে পূর্ববর্তী বছরসমূহের অভিজ্ঞতার আলোকে আরো আকর্ষণীয় ও যথাযোগ্য মর্যাদায় দিবসটি উদযাপনের জন্য তিনি সকলের সহযোগিতা কামনা করেন।

২। অত:পর সভাপতি জাতীয় কর্মসূচির আলোকে আলোচ্য বিষয়সমূহ উপস্থাপনের জন্য কমিটির সদস্য-সচিব ও যুগ্মসচিব (প্রশাসন), জনাব রথীন্দ্র নাথ দত্তকে অনুরোধ জানান। সভাপতির অনুমতিক্রমে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের যুগ্মসচিব (প্রশাসন) অনুমোদিত জাতীয় কর্মসূচি সভায় উপস্থাপন করেন। কর্মসূচির বিষয়ে সভায় বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা থেকে আগত কমিটির অন্যান্য সদস্যগণ আলোচনায় সক্রিয় অংশগ্রহণ করে তাদের মূল্যবান মতামত ব্যক্ত করেন। সভায় বিভিন্ন কার্যক্রমের অগ্রগতি পর্যালোচনা করা হয় এবং বিস্তারিত আলোচনার পর নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্রমিক | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ০১। | <u>মহামান্য রাষ্ট্রপতি এবং মাননীয় প্রধানমন্ত্রীর বাণী প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়ায় প্রকাশ:</u><br>তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের প্রতিনিধি অন্যান্য বছরের ন্যায় এ বছরও যথাসময়ে ব্যবস্থা গ্রহণ করা হবে মর্মে নিশ্চিত করেন। | ১.১ যথাসময়ে মহামান্য রাষ্ট্রপতি, মাননীয় প্রধানমন্ত্রী এবং মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী ও সচিব এর বাণী প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়ায় প্রকাশের যথাযথ ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>১.২ আগামী ১৫ নভেম্বর ২০২৩ এর মধ্যে মহামান্য রাষ্ট্রপতি ও মাননীয় প্রধানমন্ত্রীর বাণী সংগ্রহের বিষয়টি নিশ্চিত করতে হবে। | মহামান্য রাষ্ট্রপতির প্রেস সচিব, মাননীয় প্রধানমন্ত্রীর প্রেস সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, পররাষ্ট্র মন্ত্রণালয়, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, চলচ্চিত্র প্রকাশনা অধিদপ্তর, বাণী প্রণয়ন সংক্রান্ত উপকমিটি।<br>তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় সমন্বয় করবে। |
| ০২। | <u>মহান বিজয় দিবস উদযাপনের জন্য সাধারণ ছুটি ঘোষণা:</u><br>১৬ ডিসেম্বর ২০২৩ শনিবার বন্ধের দিন পড়েছে তথাপিও জনপ্রশাসন মন্ত্রণালয় হতে ইতোমধ্যে সাধারণ ছুটি ঘোষণা করা হয়েছে। | জনপ্রশাসন মন্ত্রণালয় হতে মহান বিজয় দিবস উদযাপনের জন্য সাধারণ ছুটি ঘোষণা করা হয়েছে। | জনপ্রশাসন মন্ত্রণালয়। |
| ০৩ (ক) | <u>সকল সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত এবং বেসরকারি ভবনে জাতীয় পতাকা উত্তোলনঃ</u><br>সভায় সঠিক মাপ ও রঙের জাতীয় পতাকা যথাযথভাবে উত্তোলনের বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগ থেকে জেলাপ্রশাসকসহ সংশ্লিষ্ট সকলের উদ্দেশ্যে নির্দেশনা প্রদানের বিষয়ে গুরুত্ব আরোপ করা হয়। সভাপতি বিধি সংগতভাবে "দি ফ্ল্যাগ রুলস" ১৯৭২ অনুসরণপূর্বক পতাকা উত্তোলন ও অবনমনের জন্য অনুরোধ করেন। সভায় পত্র-পত্রিকায় এবং বেতার-টেলিভিশনের মাধ্যমে 'দি ফ্ল্যাগ রুলস ১৯৭২' ব্যাপকভাবে প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়কে অনুরোধ জানানো হয়। | ৩.১ সকল সরকারি, আধা সরকারি, স্বায়ত্তশাসিত এবং বেসরকারি ভবনে 'দি ফ্ল্যাগ রুলস' অনুযায়ী সঠিক মাপ ও রঙের জাতীয় পতাকা যথাযথ ভাবে উত্তোলনের জন্য পত্র-পত্রিকায় ও বেতার-টেলিভিশনের মাধ্যমে বিষয়টি ব্যাপকভাবে প্রচারের ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>৩.২ জনসচেতনতা সৃষ্টির লক্ষ্যে জেলা প্রশাসন কর্তৃক দিবসের ২/৩ দিন আগে 'দি ফ্ল্যাগ রুলস ১৯৭২' (People's Republic of Bangladesh Flag Rules, 1972) অনুসরণপূর্বক পতাকা উত্তোলন ও অবনমনের জন্য ব্যাপক প্রচারের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | মন্ত্রিপরিষদ বিভাগ, জনপ্রশাসন মন্ত্রণালয়, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ টেলিভিশন, বাংলাদেশ বেতার, বেসরকারী টিভি চ্যানেল ও বেতারসমূহ, জেলা প্রশাসন (সকল), উপজেলা প্রশাসন (সকল) |

অ:পৃ:দ্র:

| | | | |
|---|---|---|---|
| ০৩(খ) | <u>ঢাকা শহরে সহজে দৃশ্যমান উঁচু ভবনসমূহে বিধি অনুযায়ী সঠিক মাপ ও রঙের জাতীয় পতাকা উত্তোলন :</u><br>ঢাকা শহরে সহজে দৃশ্যমান উঁচু ভবনসমূহে 'দি ফ্ল্যাগ রুলস ১৯৭২' (People's Republic of Bangladesh Flag Rules, 1972) অনুযায়ী সঠিক মাপ ও রঙের পতাকা উত্তোলনের বিষয়ে সংশ্লিষ্ট সকলকে কর্মসূচিটি যথাসময়ে যথাযথভাবে পালনের জন্য অনুরোধ জানানো হয়। | ৩.৪ ঢাকা উত্তর ও ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন ঢাকা শহরের বিভিন্ন এলাকায় 'দি ফ্ল্যাগ রুলস ১৯৭২' অনুসরণপূর্বক সঠিক মাপ ও রঙের পতাকা উত্তোলনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। | মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ, কেন্দ্রীয় কমান্ড কাউন্সিল, ঢাকা উত্তর/দক্ষিণ সিটি কর্পোরেশন। |
| ০৩(গ) | <u>গুরুত্বপূর্ণ সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত এবং বেসরকারি ভবন/ স্থাপনাসমূহে আলোকসজ্জা:</u><br>গণপূর্ত অধিদপ্তরের প্রতিনিধি জানান, মহান বিজয় দিবসের আলোকসজ্জা একটি রুটিন কাজ, যথাসময়ে আলোকসজ্জার কার্যক্রম গ্রহণ করা হবে। সভাপতি গণপূর্ত অধিদপ্তরের পাশাপাশি ঢাকা সিটি কর্পোরেশনকে এ বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের আহবান জানান। যে সকল ভবন/স্থাপনায় আলোকসজ্জা করা হবে, আগে থেকেই তার একটি তালিকা মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ে প্রেরণ করার জন্য সভায় অনুরোধ জানানো হয়। | ৩.৫ গণপূর্ত অধিদপ্তর এবং সিটি কর্পোরেশনসমূহ কর্তৃক গুরুত্বপূর্ণ সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত এবং গুরুত্বপূর্ণ বেসরকারি ভবন/স্থাপনাসমূহে আলোকসজ্জার ব্যবস্থা গ্রহণ করবে।<br>৩.৬ কোন কোন সরকারি ভবনে/স্থাপনায় আলোকসজ্জা করা হবে তার তালিকা আগামী ০৭ ডিসেম্বরের মধ্যে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | বিদ্যুৎ বিভাগ, গণপূর্ত অধিদপ্তর, সকল সিটি কর্পোরেশন, জেলা পরিষদ, জেলা প্রশাসক (সকল), উপজেলা নির্বাহী অফিসার (সকল), পৌরসভা, সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান/কর্তৃপক্ষ এবং বেসরকারি প্রতিষ্ঠান/ভবনসমূহের সংশ্লিষ্ট কর্তৃপক্ষ/ভবনের মালিক। |
| ০৪ (ক) | <u>সূর্যোদয়ের সাথে সাথে ঢাকায় একত্রিশবার তোপধ্বনি:</u><br>সভাপতি জানান, মূল কমিটির সিদ্ধান্ত অনুযায়ী মহান বিজয় দিবসের প্রত্যুষে মহামান্য রাষ্ট্রপতি এবং মাননীয় প্রধানমন্ত্রী জাতির পক্ষে সাভার জাতীয় স্মৃতিসৌধে পুষ্পস্তবক অর্পণের পূর্বে দেশের অন্য কোনো স্থানে পুষ্পস্তবক অর্পণ অনুষ্ঠান গ্রহণ করা যাবে না। সভায় এ বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগ থেকে একটি নির্দেশনা জারির ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ জানানো হয়। | ৪.১ মহান বিজয় দিবসের প্রত্যুষে মহামান্য রাষ্ট্রপতি এবং মাননীয় প্রধানমন্ত্রী জাতির পক্ষে সাভার জাতীয় স্মৃতিসৌধে পুষ্পস্তবক অর্পণের পূর্বে দেশের অন্য কোনো স্থানে পুষ্পস্তবক অর্পণ অনুষ্ঠান গ্রহণ করা যাবে না।<br>৪.২ সশস্ত্র বাহিনী বিভাগ সূর্যোদয়ের সাথে সাথে (৬.৩৩ মিনিটে) ঢাকায় একত্রিশবার তোপধ্বনির ব্যবস্থা গ্রহণ করবে। | মন্ত্রিপরিষদ বিভাগ, প্রতিরক্ষা মন্ত্রণালয়, সশস্ত্র বাহিনী বিভাগ, জননিরাপত্তা বিভাগ, জেলা প্রশাসক (সকল), পুলিশ সুপার (সকল), উপজেলা নির্বাহী অফিসার (সকল)। |
| ০৪ (খ) | <u>সূর্যোদয়ের সাথে সাথে দেশের সকল জেলা ও উপজেলায় একত্রিশবার তোপধ্বনি:</u><br>সভাপতি দেশের সকল জেলা ও উপজেলা পর্যায়ে একত্রিশবার তোপধ্বনি'র সময় যেন কোনো ধরনের দুর্ঘটনা না ঘটে সে দিকে সতর্কতা অবলম্বনের উপর গুরুত্ব আরোপ করেন। এ বিষয়ে প্রতিনিধি জানান, সারা দেশে যেন কোনো ধরনের দুর্ঘটনা না ঘটে সে দিকে সর্বোচ্চ সতর্কতা অবলম্বন করা হবে। | ৪.৩ জেলা ও উপজেলা প্রশাসন দেশের সকল জেলা ও উপজেলায় একইভাবে সকাল ৬.৩৩ মিনিটের অব্যবহিত পর একত্রিশবার তোপধ্বনির কর্মসূচি বাস্তবায়ন করবে।<br>৪.৪ জেলা ও উপজেলা পর্যায়ে তোপধ্বনি'র সময় যেন কোনো ধরনের দুর্ঘটনা না ঘটে সে দিকে সতর্কতা অবলম্বন করতে হবে। | |
| ০৫। | <u>সাভার জাতীয় স্মৃতিসৌধে মহামান্য রাষ্ট্রপতি এবং মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক পুষ্পস্তবক অর্পণ:</u><br>জাতীয় স্মৃতিসৌধের সার্বিক নিরাপত্তা, স্মৃতিসৌধের সামনের রাস্তায়, বাসস্ট্যান্ডে, অকেজো যানবাহন, আবর্জনার স্তূপ, ফুটপাতের উপর নিরাপত্তার জন্য হুমকি আছে/হতে পারে এমন অবস্থিত অবৈধ দোকান উচ্ছেদ, ঢাকা-সাভার সড়ক মেরামত, সংস্কার ও ডিভাইডার রং করা, সড়কের নিরাপত্তা নিশ্চিতের জন্য তোরণ/ব্যানার নিয়ন্ত্রণ করার বিষয়ে সভায় গুরুত্ব আরোপ করা হয়। এ বিষয়ে প্রতিনিধি ইতোমধ্যে তারা টেন্ডার করেছে। যথাসময়ে রাস্তা মেরামতসহ সকল কার্যক্রম সম্পন্ন করা হবে মর্মে তিনি সভাকে অবহিত করেন। | ৫.১ জাতীয় স্মৃতিসৌধের সম্মুখের সড়কসহ ঢাকা-সাভার সড়কের রাস্তাটির ফুটপাত থেকে নিরাপত্তার জন্য হুমকি আছে এমন অবৈধ দোকান উচ্ছেদ করার বিষয়ে জেলা প্রশাসক, ঢাকা যথাযথ ব্যবস্থা গ্রহণ করবে;<br>৫.২ ঢাকা-সাভার সড়ক সংস্কার ও মেরামতসহ ডিভাইডার রং করণ এবং সড়কের নিরাপত্তা ব্যবস্থা নিশ্চিত করতে হবে;<br>৫.৩ সকল প্রকার ব্যানার, ফেস্টুন, পোস্টার লাগানো থেকে বিরত থাকার বিষয়ে বাংলাদেশ পুলিশ কর্তৃক একটি সার্কুলার জারি করতে হবে। | পররাষ্ট্র মন্ত্রণালয়, সশস্ত্র বাহিনী বিভাগ, ৯ পদাতিক ডিভিশন, সড়ক ও মহাসড়ক বিভাগ, বাংলাদেশ পুলিশ, গণপূর্ত অধিদপ্তর, বিভাগীয় কমিশনার, ঢাকা, জেলা প্রশাসক, ঢাকা। |

অ:পৃ:দ্র:

| | | | |
|---|---|---|---|
| ০৬। | সভাপতি সাভার জাতীয় স্মৃতিসৌধে মাননীয় মন্ত্রীর নেতৃত্বে বীরশ্রেষ্ঠ পরিবারের সদস্যবৃন্দ, যুদ্ধাহত মুক্তিযোদ্ধা এবং বীর মুক্তিযোদ্ধাগণ কর্তৃক পুষ্পস্তবক অর্পণের যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্টকে অনুরোধ জানান। তিনি সভায় বাংলাদেশে অবস্থিত বিদেশি কুটনীতিক এবং মিত্র বাহিনীর সদস্য হিসেবে অংশগ্রহণকারী আমন্ত্রিত সেনা বাহিনীর সদস্যগণকে (WAR VETERANS) আমন্ত্রণ জানানো, সাভার জাতীয় স্মৃতিসৌধে পৌছানো এবং পুষ্পস্তবক অর্পণের যথাযথ প্রস্তুতি গ্রহণের জন্য পররাষ্ট্র মন্ত্রণালয়, সশস্ত্র বাহিনী বিভাগ এবং বাংলাদেশ পুলিশকে অনুরোধ জানান। | ৬.১ মহান স্বাধীনতা যুদ্ধে অংশগ্রহনকারী মিত্র বাহিনীর সদস্যগণকে (WAR VETERANS) আমন্ত্রণ জানানো, বাংলাদেশে অবস্থিত বিদেশি কুটনীতিকবৃন্দের যথাযথ নিরাপত্তা বিধান পূর্বক জাতীয় স্মৃতিসৌধে এবং প্যারেড গ্রাউন্ডে নিয়ে যাওয়া এবং আসার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>৬.২ মাননীয় মন্ত্রীর নেতৃত্বে বীরশ্রেষ্ঠ পরিবারের সদস্যবৃন্দ, যুদ্ধাহত মুক্তিযোদ্ধা এবং বীর মুক্তিযোদ্ধাগণ কর্তৃক পুষ্পস্তবক অর্পণের যথাযথ ব্যবস্থা গ্রহণ করবে বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট। | মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, পররাষ্ট্র মন্ত্রণালয়, জননিরাপত্তা বিভাগ, সশস্ত্র বাহিনী বিভাগ, ৯ পদাতিক ডিভিশন, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ পুলিশ, বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট, প্রশাসক, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ।<br>বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট সমন্বয় করবে। |
| ০৭। | দেশের সকল জেলা এবং উপজেলা সদরে বর্ণাঢ্য কুচকাওয়াজ অনুষ্ঠান:<br>সভায় দেশের সকল জেলা এবং উপজেলা সদরে বীর মুক্তিযোদ্ধা, পুলিশ, আনসার-ভিডিপি, বিএনসিসি, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, স্কুল, কলেজ, মাদ্রাসাসহ বিভিন্ন শিক্ষা ও সামাজিক প্রতিষ্ঠান, স্কাউটস, রোভার স্কাউটস, গার্লস গাইড এবং শিশু-কিশোর সংগঠন (যেখানে সম্ভব) কর্তৃক বর্ণাঢ্য কুচকাওয়াজ অনুষ্ঠানটি যথাযথভাবে সম্পন্ন করার বিষয়ে সভায় গুরুত্বারোপ করা হয়। | কুচকাওয়াজ অনুষ্ঠানটি যথাযথভাবে সম্পন্ন করতে হবে। | মন্ত্রিপরিষদ বিভাগ, জেলা প্রশাসক (সকল), উপজেলা নির্বাহী অফিসার (সকল), প্রশাসক, জেলা/উপজেলা মুক্তিযোদ্ধা কমান্ড, সংশ্লিষ্ট সকল কর্তৃপক্ষ। |
| ০৮। | <u>বিভিন্ন স্থানে বাদ্য পরিবেশন:</u><br>পূর্ব নির্ধারিত জাতীয় সংসদ ভবনের দক্ষিণ প্লাজাসহ বিভিন্ন গুরুত্বপূর্ণ স্থানে এবং এবার নতুন সংযোজনকৃত পদ্মা বহুমুখী সেতুর পার্শ্বে বিভিন্ন বাহিনী কর্তৃক বাদ্য পরিবেশন কর্মসূচি যথাসময়ে যথাযথভাবে সম্পন্ন করার নিমিত্ত সভায় নির্দেশনা প্রদান করা হয়। | পূর্ব নির্ধারিত জাতীয় সংসদ ভবনের দক্ষিণ প্লাজাসহ বিভিন্ন গুরুত্বপূর্ণ স্থানে এবং এবার নতুন সংযোজনকৃত পদ্মা বহুমুখী সেতুর পার্শ্বে বিভিন্ন বাহিনীর বাদকদল কর্তৃক বেলা ৩.০০ ঘটিকা হতে সূর্যাস্ত পর্যন্ত বাদ্য পরিবেশন কর্মসূচি যথাসময়ে যথাযথভাবে সম্পন্ন করতে হবে। | জননিরাপত্তা বিভাগ, সুরক্ষা সেবা বিভাগ ও সশস্ত্র বাহিনী বিভাগ । |
| ০৯। | <u>চট্টগ্রাম, খুলনা ও মংলা বন্দর, ঢাকার সদরঘাট, পাগলা, (নারায়নগঞ্জ), চাঁদপুর ও বরিশালসহ বিআইডব্লিউটিসি এর ঘাটে বাংলাদেশ নৌ-বাহিনী ও কোস্টগার্ডের সুসজ্জিত জাহাজসমূহ ১৫-১৬ ডিসেম্বর বিকাল ২টা হতে সূর্যাস্ত পর্যন্ত জনসাধারণের দর্শনের জন্য উন্মুক্ত রাখা:</u><br>সংশ্লিস্ট প্রতিনিধি সভাকে অবহিত করেন যে, দিবসের কর্মসূচি মোতাবেক তাদের সুসজ্জিত জাহাজসমূহ জনসাধারণের পরিদর্শনের জন্য উন্মুক্ত রাখার সকল কার্যক্রম গ্রহণ করা হবে। সভাপতি সুবর্ণজয়ন্তী উপলক্ষ্যে ১৫-১৬ ডিসেম্বর বিকাল ২টা হতে সূর্যাস্ত পর্যন্ত সুসজ্জিত জাহাজসমূহ প্রদর্শনীর ব্যবস্থা গ্রহণের নির্দেশনা প্রদান করেন। এছাড়াও তিনি প্রদর্শনীতে জনসমাগম বৃদ্ধির জন্য ব্যাপক প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করেন। | ১০.১ চট্টগ্রাম খুলনা ও মংলা বন্দর, ঢাকার সদরঘাট, নারায়ণগঞ্জের পাগলা, চাঁদপুর ও বরিশালসহ বিআইডব্লিউটিসি এর ঘাটে সুসজ্জিত জাহাজসমূহ ১৫-১৬ ডিসেম্বর বিকাল ২টা হতে সূর্যাস্ত পর্যন্ত উন্মুক্ত রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>১০.২ সুসজ্জিত জাহাজ প্রদর্শনীতে জনসমাগম বৃদ্ধির জন্য ব্যাপক প্রচারের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | নৌ-পরিবহন মন্ত্রণালয়, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, জননিরাপত্তা বিভাগ, বাংলাদেশ নৌ-বাহিনী ও বাংলাদেশ কোস্টগার্ড, বাংলাদেশ পুলিশ, বিটিভি, বাংলাদেশ বেতার, জেলা প্রশাসক, নারায়ণগঞ্জ, উপজেলা নির্বাহী অফিসার, নারায়ণগঞ্জ সদর।<br>নৌ-পরিবহন মন্ত্রণালয় সমন্বয় করবে। |

অ:পৃ:দ্র:

| | | | |
|---|---|---|---|
| ১০। | **বীর মুক্তিযোদ্ধা ও শহিদ পরিবারের সদস্যদের সংবর্ধনা অনুষ্ঠানের ব্যবস্থা গ্রহণ:** ঢাকা দক্ষিণ সিটি এবং উত্তর সিটি কর্পোরেশন গত বছরের ন্যায় সুবিধাজনক স্থান ও সময়ে জাকজমকপূর্ণভাবে ঢাকায় বসবাসরত মুক্তিযোদ্ধাদের সংবর্ধনা অনুষ্ঠানের আয়োজন করবে মর্মে সভায় আলোচনা হয়। সভাপতি জাতীয় কর্মসূচির সময়ের সাথে সমন্বয় করে সকল সিটি কর্পোরেশন/জেলা/উপজেলা/পৌরসভা(সকল)/ জেলা ও উপজেলা মুক্তিযোদ্ধা সংসদ (সকল)কে বীর মুক্তিযোদ্ধা ও শহিদ পরিবারের সদস্যদের সংর্বধনা অনুষ্ঠানের আয়োজন করার আহবান জানান। | ১১.১ জাতীয় কর্মসূচির সাথে সমন্বয় করে সকল সিটি কর্পোরেশন/জেলা/উপজেলা/ পৌরসভা(সকল)/জেলা ও উপজেলা মুক্তিযোদ্ধা সংসদ (সকল) পর্যায়ে বীরমুক্তিযোদ্ধা ও শহিদ পরিবারের সদস্যদের সংবর্ধনার আয়োজন নিশ্চিত করতে হবে। | মন্ত্রিপরিষদ বিভাগ, স্থানীয় সরকার বিভাগ, সকল সিটি কর্পোরেশন, জেলা প্রশাসক (সকল), উপজেলা নির্বাহী অফিসার (সকল), বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ কেন্দ্রীয় কমান্ড কাউন্সিল। |
| ১১। | **জেলা ও উপজেলা সদরে স্কুল-কলেজের ছাত্র-ছাত্রীদের সমাবেশ ও ক্রীড়া অনুষ্ঠান:** সভাপতি জেলা ও উপজেলা সদরে স্কুল-কলেজ ও মাদ্রাসার ছাত্র-ছাত্রীদের সমাবেশ, ক্রীড়া অনুষ্ঠান, T-20 ক্রিকেট টুর্ণামেন্ট, নৌকা বাইচ (যেখানে সম্ভব), ফুটবল, কাবাডি ও হা-ডু-ডু খেলার আয়োজনের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানান। এছাড়াও অপরাহ্নে মহিলাদের ক্রীড়া অনুষ্ঠানের ব্যবস্থা গ্রহণের নির্দেশনা প্রদান করেন। | ১২.১ জেলা ও উপজেলা সদরে স্কুল-কলেজ ও মাদ্রাসার ছাত্র-ছাত্রীদের জাতীয় কর্মসূচিতে অংশগ্রহণ, সমাবেশ, ক্রীড়া অনুষ্ঠানের আয়োজন করতে হবে। এছাড়াও অপরাহ্নে মহিলাদের ক্রীড়া অনুষ্ঠানেরও ব্যবস্থা করতে হবে। | মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, নৌ পরিবহন মন্ত্রণালয়, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, জাতীয় ক্রীড়া পরিষদ, ক্রীড়া পরিদপ্তর, জেলা প্রশাসক (সকল), উপজেলা নির্বাহী অফিসার (সকল )। |
| ১২। | **বিভিন্ন সামাজিক সাংস্কৃতিক সংগঠন কর্তৃক সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন:** সভায় প্রতিনিধি জানান সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়সহ শিল্পকলা একাডেমি, নজরুল ইনস্টিটিউট, জাতীয় যাদুঘর, ক্ষুদ্র নৃ-গোষ্ঠী, সাংস্কৃতিক ইনস্টিটিউট, বিরিশিরি, মনিপুরী একাডেমি, ছায়ানট, বুলবুল ললিতকলা একাডেমি এবং বিভিন্ন সামাজিক সাংস্কৃতিক সংগঠন কর্তৃক এ বছর আরও জাঁকজমকপূর্ণভাবে আয়োজনের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে। | ১৩.১ যথাসময়ে বিভিন্ন সামাজিক সাংস্কৃতিক সংগঠন কর্তৃক সাংস্কৃতিক অনুষ্ঠানের কর্মসূচি বাস্তবায়নে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য অনুরোধ জানানোর সিদ্ধান্ত গৃহীত হয়। | সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, মহিলা শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ পুলিশ, জেলা প্রশাসক (সকল), উপজেলা নির্বাহী অফিসার (সকল)। |
| ১৩। | **'জাতির পিতার স্বপ্নের সোনার বাংলা বিনির্মাণে মুক্তিযুদ্ধের চেতনা ধারণ ও ডিজিটাল প্রযুক্তির সর্বোত্তম ব্যবহার' শীর্ষক আলোচনা ও সিম্পোজিয়াম:** 'জাতির পিতার স্বপ্নের সোনার বাংলা বিনির্মাণে মুক্তিযুদ্ধের চেতনা ধারণ ও ডিজিটাল প্রযুক্তির সর্বোত্তম ব্যবহার' শীর্ষক আলোচনা ও সিম্পোজিয়াম অনুষ্ঠান আয়োজনের জন্য তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগকে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য সভাপতি আহবান জানান। এছাড়াও, জাতীয় পর্যায়ে রচনা ও আবৃত্তি প্রতিযোগিতার আয়োজনের জন্য সভার পক্ষ হতে অনুরোধ জানানো হয় । সভাপতি বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে আয়োজিত কর্মসূচিতে বীর মুক্তিযোদ্ধাগণের উপস্থিতে তাদের বীরত্বগাঁথা যুদ্ধকালীন স্মৃতিচারণ শিক্ষার্থীদের সামনে উপস্থাপনের যথাযথ ব্যবস্থা গ্রহণের আহবান জানান। | ১৪.১ 'জাতির পিতার স্বপ্নের সোনার বাংলা বিনির্মাণে মুক্তিযুদ্ধের চেতনা ধারণ ও ডিজিটাল প্রযুক্তির সর্বোত্তম ব্যবহার' শীর্ষক আলোচনা ও সিম্পোজিয়াম অনুষ্ঠানের বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগকে অনুরোধ জানানো হয়।<br>১৪.২ জাতীয় পর্যায়ে রচনা ও আবৃত্তি প্রতিযোগিতার আয়োজনসহ সকল শিক্ষা প্রতিষ্ঠানে বীর মুক্তিযোদ্ধাদের উপস্থিতিতে তাঁদের বীরত্বগাঁথা মুক্তিযুদ্ধের গুরুত্বপূর্ণ ঘটনার স্মৃতিচারণ শিক্ষার্থীদের সামনে উপস্থাপনের ব্যবস্থা গ্রহণের জন্য মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়কে অনুরোধ জানানো হয়। | প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ, কারিগরি ও মাদ্রাসা বিভাগ, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, জেলা প্রশাসক (সকল) ও উপজেলা নির্বাহী অফিসার (সকল)। |

অ:পৃ:দ্র

| | | | |
|---|---|---|---|
| ১৪। | <u>বাংলাদেশ টেলিভিশন ও বেতারসহ বিভিন্ন বেসরকারি বিটিভি/বেতার চ্যানেলে মহান বিজয় দিবস উপলক্ষে মুক্তিযুদ্ধের গৌরবোজ্জ্বল ইতিহাস ভিত্তিক অনুষ্ঠানমালা প্রচার:</u><br>এ বিষয়ে তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের প্রতিনিধি জানান, এ বিষয়ে অন্যান্য বারের ন্যায় যথাযথ ব্যবস্থা গ্রহণ করা হবে। | বাংলাদেশ টেলিভিশন ও বেতারসহ বিভিন্ন বেসরকারি বিটিভি/বেতার চ্যানেলে মহান বিজয় দিবস উপলক্ষে মুক্তিযুদ্ধের গৌরবোজ্জ্বল ইতিহাস ভিত্তিক অনুষ্ঠানমালা প্রচারের ব্যবস্থা করতে হবে। | তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ টেলিভিশন, বাংলাদেশ বেতার/ বেসরকারি টিভি চ্যানেল, বেসরকারী বেতার/এফএম রেডিও এবং ক্রোড়পত্র প্রকাশ সংক্রান্ত উপ-কমিটি।<br>তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় সমন্বয় করবে। |
| ১৫। | <u>ঢাকাসহ দেশের সকল জেলা ও উপজেলা পর্যায়ে সিনেমা হলে বিনা টিকেটে ছাত্রছাত্রীদের জন্য চলচিত্র প্রদর্শনী এবং মুক্তিযুদ্ধ ভিত্তিক প্রামাণ্যচিত্র প্রদর্শনী:</u><br>তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের প্রতিনিধি জানান অন্যান্য বছরের মত এ বছরেও বিনা টিকিটে ছাত্রছাত্রীদের জন্য মুক্তিযুদ্ধভিত্তিক চলচ্চিত্র প্রদর্শনীসহ মুক্তিযুদ্ধ ভিত্তিক প্রমাণ্যচিত্র প্রদর্শনীর আয়োজন করার যথাযথ ব্যবস্থা গ্রহণ করা হবে। সভায় সিনেমা হলসহ বিভিন্ন উন্মুক্ত স্থানে মুক্তিযুদ্ধ ভিত্তিক সিনেমা প্রদর্শন করা যায় কিনা সে বিষয়ে নির্দেশনা প্রদান করা হয়। | ছাত্রছাত্রীদের জন্য বিনা টিকিটে সিনেমা হলে ও উন্মুক্ত স্থানে মুক্তিযুদ্ধভিত্তিক চলচিত্র প্রদর্শনীর আয়োজন করতে হবে। | তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, গণযোগাযোগ অধিদপ্তর, জেলা প্রশাসক (সকল), উপজেলা নির্বাহী অফিসার (সকল )।<br>তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় সমন্বয় করবে। |
| ১৬। | <u>সংবাদ পত্রসমূহে বিশেষ নিবন্ধ, সাহিত্য সাময়িকী ও ক্রোড়পত্র প্রকাশ:</u><br>তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের প্রতিনিধি জানান এ বিষয়ে উপকমিটি সভার সিদ্ধান্ত মোতাবেক যথাযথ ব্যবস্থা গ্রহণ করবে। | সংবাদপত্রসমূহে বিশেষ নিবন্ধ, সাহিত্য সাময়িকী ও ক্রোড়পত্র প্রকাশের নিমিত্ত এ সংক্রান্ত উপকমিটি ব্যবস্থা গ্রহণ করবে। | তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, ক্রোড়পত্র প্রকাশ সংক্রান্ত উপকমিটি |
| ১৭। | <u>শহিদ মুক্তিযোদ্ধাদের বিদেহী আত্মার মাগফেরাত/যুদ্ধাহত মুক্তিযোদ্ধাদের সুস্বাস্থ্য এবং জাতির শান্তি, সমৃদ্ধি ও অগ্রগতি কামনা করে মোনাজাত ও প্রার্থনা:</u><br>সভাপতি সন্ত্রাস, জঙ্গিবাদ ও মাদক বিরোধী কার্যক্রমে জনমত সৃষ্টির জন্য আলোচনা ও শহিদ মুক্তিযোদ্ধাদের বিদেহী আত্মার মাগফেরাত/যুদ্ধাহত মুক্তিযোদ্ধাদের সুস্বাস্থ্য এবং জাতির শান্তি, সমৃদ্ধি ও অগ্রগতি কামনা করে সকল মসজিদে বাদ জোহর মোনাজাত এবং মন্দির, গীর্জা, প্যাগোডা ও অন্যান্য উপাসনালয়ে সুবিধাজনক সময়ে প্রার্থনার ব্যবস্থা গ্রহণের আহবান জানান। ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের প্রতিনিধি জানান, অন্যান্যবারের ন্যায় এ বছরও এ বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণ করা হবে। | সন্ত্রাস, জঙ্গিবাদ ও মাদক বিরোধী কার্যক্রমে জনমত সৃষ্টির জন্য আলোচনা ও শহিদ মুক্তিযোদ্ধাদের বিদেহী আত্মার মাগফেরাত/যুদ্ধাহত মুক্তিযোদ্ধাদের সুস্বাস্থ্য এবং জাতির শান্তি, সমৃদ্ধি ও অগ্রগতি কামনা করে সকল মসজিদে বাদ জোহর মোনাজাত এবং মন্দির, গীর্জা, প্যাগোডা ও অন্যান্য উপাসনালয়ে সুবিধাজনক সময়ে প্রার্থনার ব্যবস্থা করতে হবে। | ধর্ম মন্ত্রণালয়, জেলা প্রশাসক (সকল), উপজেলা নির্বাহী অফিসার (সকল), ইসলামিক ফাউন্ডেশন, হিন্দু ধর্মীয় কল্যাণ ট্রাস্ট, বৌদ্ধ ধর্মীয় কল্যাণ ট্রাস্ট, খ্রীস্টান ধর্মীয় কল্যাণ ট্রাস্ট। |
| ১৮। | <u>দেশের সকল হাসপাতাল, জেলখানা, বৃদ্ধাশ্রম, এতিমখানা, ডে কেয়ার সেন্টার, শিশু বিকাশ কেন্দ্র এবং শিশু পরিবার ও ভবঘুরে প্রতিষ্ঠানসমূহে উন্নতমানের খাবার সরবরাহ:</u><br>উন্নতমানের ও স্বাস্থ্য সম্মত খাবার পরিবেশনের বিষয়ে সভাপতি যথাসময়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান। এ বিষয়ে স্বাস্থ্য মন্ত্রণালয়ের প্রতিনিধি জানান, স্বাস্থ্য সম্মত এবং উন্নতমানের খাবারসহ স্বাস্থ্য চিকিৎসার বিষয়টিও নিশ্চিত করার জন্য ইতোমধ্যেই তারা ব্যবস্থা গ্রহণ করেছেন। | দেশের সকল হাসপাতাল, জেলখানা, বৃদ্ধাশ্রম, এতিমখানা, ডে কেয়ার সেন্টার, শিশু বিকাশ কেন্দ্র, শিশু পরিবার ও ভবঘুরে প্রতিষ্ঠানসমূহে উন্নতমানের খাবার সরবরাহ করতে হবে। | সমাজ কল্যাণ মন্ত্রণালয়, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, জননিরাপত্তা বিভাগ, সুরক্ষা সেবা বিভাগ, স্বাস্থ্য সেবা বিভাগ। |

| | | | |
|---|---|---|---|
| ১৯। | <u>বঙ্গভবনে অপরাহ্নে (রাষ্ট্রপতির কার্যালয় কর্তৃক নির্ধারিত সময়ে) বীরশ্রেষ্ঠ পরিবারের সংবর্ধনা অনুষ্ঠানঃ</u><br>সভাপতি জানান বঙ্গভবনে অপরাহ্নে (রাষ্ট্রপতির কার্যালয় কর্তৃক নির্ধারিত সময়ে) বীরশ্রেষ্ঠ পরিবারের সংবর্ধনা অনুষ্ঠানে বীরশ্রেষ্ঠ পরিবারের সংবর্ধনা অনুষ্ঠানটি বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাষ্ট সমন্বয় করবে। | অপরাহ্নে (রাষ্ট্রপতির কার্যালয় কর্তৃক নির্ধারিত সময়ে) বীরশ্রেষ্ঠ পরিবারের সংবর্ধনা অনুষ্ঠানে বীরশ্রেষ্ঠ পরিবারের সংবর্ধনা অনুষ্ঠানটি বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাষ্ট সমন্বয় করবে। | রাষ্ট্রপতির কার্যালয়, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, সশস্ত্র বাহিনী বিভাগ, বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট।<br>বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট সমন্বয় করবে। |
| ২০। | <u>বিদেশে অবস্থিত দূতাবাসসমূহে মুক্তিযুদ্ধের ইতিহাসভিত্তিক আলোচনা ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন:</u><br>মুক্তিযুদ্ধের ইতিহাসভিত্তিক আলোচনা ও সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজনের নিমিত্ত সভাপতি সংশ্লিষ্ট সকলের প্রতি আহবান জানান। তিনি বিদেশে অবস্থিত বাংলাদেশ দূতাবাসসমূহ ও মিশনে বিজয় দিবসের প্রেক্ষাপটে মুক্তিযুদ্ধের ইতিহাস ভিত্তিক আলোচনা ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন (বিদেশি অধ্যাপক/প্রথিতযশা নাগরিক/ স্থানীয় প্রশাসন /গণ্যমান্য ব্যক্তিবর্গ/ শিল্পী- সাহিত্যিক/ রাজনৈতিক ব্যক্তিবর্গ/সাংবাদিক/ গণমাধ্যম ব্যক্তিবর্গ/ বিদেশে অবস্থানরত বাংলাদেশি নাগরিকদের অংশগ্রহণে) করার নির্দেশনা প্রদান করেন। এছাড়াও বিদেশের বিভিন্ন দৈনিক পত্রিকায় মহান বিজয় দিবসের তাৎপর্য তুলে ধরে বিশেষ ক্রোড়পত্র প্রকাশের (ইংরেজিসহ সংশ্লিষ্ট দেশের ভাষায়) অনুরোধ জানান। | ২১.১ বিদেশে অবস্থিত বাংলাদেশ দূতাবাসসমূহ ও মিশনে বিজয় দিবসের প্রেক্ষাপটে মুক্তিযুদ্ধের ইতিহাসভিত্তিক আলোচনা ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন (বিদেশি অধ্যাপক/প্রথিতযশা নাগরিক/স্থানীয় প্রশাসন/গণ্যমান্য ব্যক্তিবর্গ/শিল্পী-সাহিত্যিক/রাজনৈতিক ব্যক্তিবর্গ/সাংবাদিক/ গণমাধ্যম ব্যক্তিবর্গ/ বিদেশে অবস্থানরত বাংলাদেশি নাগরিকদের অংশগ্রহণে) করতে হবে।<br>২১.২ পররাষ্ট্র মন্ত্রণালয়, বিদেশি বিভিন্ন পত্র পত্রিকায় মহান বিজয় দিবসের তাৎপর্য তুলে ক্রোড়পত্র প্রকাশের (ইংরেজিসহ সংশ্লিষ্ট দেশের ভাষায়) যথাযথ ব্যবস্থা গ্রহণ করবে। | মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, পররাষ্ট্র মন্ত্রণালয়, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বিদেশে অবস্থিত বাংলাদেশ দূতাবাস ও মিশন প্রধান (সকল)।<br>পররাষ্ট্র মন্ত্রণালয় সমন্বয় করবে। |
| ২১। | <u>দেশের সকল সরকারি ও বেসরকারি শিশু পার্ক শিশুদের জন্য সকাল-সন্ধ্যা উন্মুক্ত রাখা এবং বিনা টিকিটে প্রদর্শনীর ব্যবস্থা করা:</u><br>দেশের সকল সরকারি ও বেসরকারি শিশু পার্ক শিশুদের জন্য সকাল-সন্ধ্যা উন্মুক্ত রাখা এবং বিনা টিকিটে প্রদর্শনীর ব্যবস্থা গ্রহণের বিষয়ে সভায় আলোচনা হয়। সভায় সংশ্লিষ্ট প্রতিনিধি জানান, প্রতিবারের ন্যায় এবারও সকাল-সন্ধ্যা উন্মুক্ত রাখাসহ বিনা টিকিটে প্রদর্শনীর ব্যবস্থা গ্রহণ করা হবে। | দেশের সকল সরকারি ও বেসরকারি শিশু পার্ক শিশুদের জন্য সকাল-সন্ধ্যা উন্মুক্ত রাখা এবং বিনা টিকিটে প্রদর্শনীর জন্য সংশ্লিষ্ট সকলকে স্থানীয় সরকার বিভাগ কর্তৃক পত্র/নির্দেশনা প্রদানের ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানানোর সিদ্ধান্ত গৃহীত হয়। | স্থানীয় সরকার বিভাগ, সিটি কর্পোরেশন (সকল), জেলা প্রশাসক (সকল), পুলিশ সুপার (সকল), সংশ্লিষ্ট জেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার (সকল), ও সংশ্লিষ্ট পৌরসভা কর্তৃপক্ষ। |
| ২২। | <u>জাতীয় ও জেলা পর্যায়ে মহিলাদের অংশগ্রহণে মুক্তিযুদ্ধভিত্তিক আলোচনা সভা, মুক্তিযুদ্ধ ভিত্তিক শিশুদের চিত্রাঙ্কন প্রতিযোগিতা ও সাংস্কৃতিক অনুষ্ঠান:</u><br>সভাপতি ঢাকাসহ সকল বিভাগীয় শহরে ও জেলা পর্যায়ে মহিলাদের অংশগ্রহণে মুক্তিযুদ্ধ ভিত্তিক আলোচনা সভা, বাংলাদেশ শিশু একাডেমি কর্তৃক নির্ধারিত সময়ে মুক্তিযুদ্ধভিত্তিক শিশুদের চিত্রাঙ্কন প্রতিযোগিতা ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজনের বিষয়ে দ্রুত সভা করে ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলের প্রতি অনুরোধ জানান। | ঢাকাসহ সকল বিভাগীয় শহরে ও জেলা পর্যায়ে মহিলাদের অংশগ্রহণে মুক্তিযুদ্ধভিত্তিক আলোচনা সভা, বাংলাদেশ শিশু একাডেমি কর্তৃক নির্ধারিত সময়ে মুক্তিযুদ্ধ ভিত্তিক শিশুদের চিত্রাঙ্কন প্রতিযোগিতা ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করতে হবে। | মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, মহিলা বিষয়ক অধিদপ্তর, জাতীয় মহিলা সংস্থা, বাংলাদেশ শিশু একাডেমি, বঙ্গবন্ধু জাদুঘর, মুক্তিযুদ্ধ জাদুঘর, জেলা প্রশাসক (সকল), জেলা পরিষদ (সকল), উপজেলা নির্বাহী অফিসার (সকল)।<br>মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় সমন্বয় করবে। |

| | | | |
|---|---|---|---|
| ২৩। | সরকারি ও বেসরকারি/স্বায়ত্তশাসিত সংস্থার জাদুঘরসমূহ সকাল থেকে সন্ধ্যা পর্যন্ত বিনা টিকিটে জনসাধারণের জন্য উন্মুক্ত রাখা:<br>সভাপতি সকল সরকারি ও বেসরকারি/ স্বায়ত্তশাসিত সংস্থার জাদুঘরসমূহ সকাল থেকে সন্ধ্যা পর্যন্ত বিনা টিকিটে জনসাধারণের জন্য উন্মুক্ত রাখার ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান। সংশ্লিষ্ট প্রতিনিধিগণ জানান অন্যান্য বারের মতো এবারও সকাল থেকে সন্ধ্যা পর্যন্ত বিনা টিকিটে জনসাধারণের জন্য জাদুঘর উন্মুক্ত রাখা হবে। | সকল সরকারি ও বেসরকারি/স্বায়ত্তশাসিত সংস্থার জাদুঘরসমূহ সকাল থেকে সন্ধ্যা পর্যন্ত বিনা টিকিটে জনসাধারণের জন্য উন্মুক্ত রাখার ব্যবস্থা গ্রহণ করতে হবে। | মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, সশস্ত্র বাহিনী বিভাগ, বাংলাদেশ জাতীয় জাদুঘর, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটার, জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর, সামরিক জাদুঘর, বিমান বাহিনী জাদুঘর, নৌ-বাহিনী জাদুঘর, মুক্তিযুদ্ধ জাদুঘর, বঙ্গবন্ধু জাদুঘর, বাংলাদেশ পুলিশ মুক্তিযুদ্ধ জাদুঘর, সোহরাওয়ার্দী উদ্যানে ভূ-গর্ভস্থ জাদুঘর, অন্যান্য জাদুঘর কর্তৃপক্ষ, জেলা প্রশাসক (সকল), উপজেলা নির্বাহী অফিসার (সকল)। |
| ২৪। | সোহরাওয়ার্দী উদ্যানের স্বাধীনতাস্তম্ভের ভূ-গর্ভস্থ জাদুঘরে মুক্তিযুদ্ধের ইতিহাস ও ঐতিহ্য ভিত্তিক প্রামাণ্যচিত্র/পোস্টার প্রদর্শনীসহ মুক্তিযুদ্ধ ভিত্তিক বিভিন্ন অনুষ্ঠানের আয়োজন করা:<br>সভায় সোহরাওয়ার্দী উদ্যানের স্বাধীনতা স্তম্ভের ভূ-গর্ভস্থ জাদুঘরে মুক্তিযুদ্ধের ইতিহাস ও ঐতিহ্যভিত্তিক প্রামাণ্যচিত্র/পোস্টার প্রদর্শনীসহ মুক্তিযুদ্ধভিত্তিক বিভিন্ন অনুষ্ঠানের আয়োজন করার জন্য সংশ্লিষ্ট প্রতিনিধিকে অনুরোধ জানানো হয়। | সোহরাওয়ার্দী উদ্যানের স্বাধীনতাস্তম্ভের ভূ-গর্ভস্থ জাদুঘরে মুক্তিযুদ্ধের ইতিহাস ও ঐতিহ্যভিত্তিক প্রামাণ্যচিত্র/পোস্টার প্রদর্শনীসহ মুক্তিযুদ্ধভিত্তিক বিভিন্ন অনুষ্ঠানের আয়োজন করতে হবে। | মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়। |
| ২৫।। | স্মারক ডাক টিকিট অবমুক্তকরণ:<br>অন্যান্য বারের ন্যায় এবারও স্মারক ডাক টিকিট অবমুক্তকরণের বিষয়ে ডাক ও টেলিযোগাযোগ বিভাগ কর্তৃক সকল প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার নির্দেশনা প্রদান করা হয়। | স্মারক ডাক টিকিট অবমুক্তকরণের বিষয়ে ডাক ও টেলিযোগাযোগ বিভাগ কর্তৃক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ, বাংলাদেশ ডাক অধিদপ্তর। |

০৩। সভাপতি এ পর্যায়ে মহান বিজয় দিবসের কর্মসূচি সফল করার জন্য আমন্ত্রপত্র, আসন বিন্যাস, আলোকসজ্জা, পরিষ্কার-পরিচ্ছন্নতাসহ বিভিন্ন বিষয়ের উপর মতামত আহবান করেন। এ পর্যায়ে সভায় সাভার জাতীয় স্মৃতিসৌধে পুষ্পস্তবক অর্পণ অনুষ্ঠানে আমন্ত্রণ পত্রের ক্যাটাগরী অনুযায়ী আমন্ত্রণ পত্র বিতরণের ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানানো হয়।

০৪। সভায় আর কোন আলোচনা না থাকায় সকলের সহযোগিতা কামনা করে এবং সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

ই. চৌধুরী ২৮/১১/২০২৩

ইসরাত চৌধুরী
সচিব
মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়
ও
আহবায়ক
মহান বিজয় দিবস ২০২৩ উদযাপন উপলক্ষে গঠিত
স্টিয়ারিং কমিটি।